# অ্যাপল উন্মোচন করলো বিশ্বের সবচেয়ে পাতলা আইফোন ১৭ এয়ার



সংগৃহীত ছবি

অ্যাপল বাজারে এনেছে বহুল প্রত্যাশিত আইফোন ১৭ সিরিজ। চারটি মডেলের মধ্যে সবচেয়ে আলোচিত আইফোন ১৭ এয়ার—যার পুরুত্ব মাত্র ৫.৬ মিলিমিটার ও ওজন ১৬৫ গ্রাম। শক্তিশালী এআই পারফরম্যান্স, নতুন এন১ চিপ, অ্যাডাপটিভ পাওয়ার ফিচারসহ উন্নত ব্যাটারি প্রযুক্তি যুক্ত হয়েছে এতে।

প্রযুক্তিপ্রেমীদের জন্য বাজারে এলো বহুল আলোচিত আইফোন ১৭ সিরিজ। এবারও চারটি মডেল এনেছে অ্যাপল—আইফোন ১৭, আইফোন ১৭ প্রো, আইফোন ১৭ প্রো ম্যাক্স এবং আইফোন ১৭ এয়ার। এর মধ্যে সবচেয়ে বেশি দৃষ্টি কেড়েছে আইফোন ১৭ এয়ার, যা অ্যাপলের ইতিহাসে এখন পর্যন্ত সবচেয়ে পাতলা আইফোন।

মাত্র ৫.৬ মিলিমিটার পুরুত্ব আর ১৬৫ গ্রাম ওজনের এই স্মার্টফোনটি তৈরি হয়েছে ৮০ শতাংশ রিসাইকেলড টাইটেনিয়াম দিয়ে। ফোনটির ৬.৫ ইঞ্চি ডিসপ্লের উভয় পাশে রয়েছে প্রো-সেরামিক শিল্ড, যা ফোনটিকে ভাঙন-প্রতিরোধী করে তুলেছে প্রায় চারগুণ।

পারফরম্যান্সের দিক থেকেও উল্লেখযোগ্য উন্নয়ন আনা হয়েছে। এতে রয়েছে আইওএস ২৬-এর অ্যাডাপটিভ পাওয়ার ফিচার ও নতুন এন১ ওয়ারলেস চিপ, যা ব্যাটারি খরচ কমাতে সাহায্য করবে। অ্যাপলের দাবি, এআই-চালিত ফিচারগুলো আরও কার্যকর হবে এবং ফোনটি দেবে প্রায় ম্যাকবুক প্রো স্তরের পারফরম্যান্স।

ক্যামেরার ক্ষেত্রেও এসেছে চমক। ফোনটিতে রয়েছে ৪৮ মেগাপিক্সেল ফিউশন ব্যাক ক্যামেরা সিস্টেম এবং ১৮ মেগাপিক্সেল সেন্টার স্টেজ ফ্রন্ট ক্যামেরা। তবে এবার কোনো মডেলেই আলাদা সিম স্লট রাখা হয়নি—শুধুমাত্র ই-সিম ব্যবহার করা যাবে। ব্যাটারি ক্ষমতা রাখা হয়েছে ৩১৪৯ এমএএইচ।

রঙের দিক থেকে পাওয়া যাবে চারটি ভ্যারিয়েন্ট—কালো, সাদা, হালকা সোনালি ও আকাশি নীল। বিশ্ববাজারে ফোনটির দাম নির্ধারণ করা হয়েছে ৯৯৯ মার্কিন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ১ লাখ ২২ হাজার টাকা। তবে দেশে আনুষ্ঠানিকভাবে আসলে দাম কিছুটা বেশি হতে পারে।